

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 22-01-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Statehood Day-Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু পূর্নরাজ্য দিবসে ত্রিপুরা মনিপুর, মেঘালয়ের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। এ উপলক্ষ্যে গতকাল রাজভবনে তিনি ত্রিপুরা, মেঘালয়, মনিপুরের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন। রাজ্যে পড়াশোনা ও বিভিন্ন কাজের সূত্রে মেঘালয় ও মনিপুরের বাসিন্দা যারা ত্রিপুরায় থাকেন তাদের কয়েকজনকেও রাজভবনে সংবর্ধিত করা হয়।

Dr. Jitendra Sing :

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেছেন যে দেশের মহাকাশ অর্থনীতি আট বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। আগামী দশকে এই অর্থনীতি ৪৪ বিলিয়ন ডলারে পৌঁছবে বলে তিনি আশা প্রকাশ করেন। ডাঃ সিং বলেন দেশের গগণযান মিশন, ২০২৭ সালে আসন্ন চন্দ্রযান- ফোর মিশন, ২০২৮ সালে শুক্রযান মিশন এবং ২০৩০ সালে ভারতীয় মহাকাশ স্টেশনের মতো মাইলফলকগুলি দেশের শক্তিশালী গতিপথ প্রদর্শন করে। মন্ত্রী উদ্ভাবনের জন্য স্টার্টআপ এবং সরাসরি বিদেশী বিনিয়োগেরও প্রশংসা করেন। তিনি বলেন SPADEX এর মতো মিশনগুলি প্রযুক্তি ক্ষেত্রে দেশকে এগিয়ে দিচ্ছে। মন্ত্রী জোর দিয়ে বলেন যে জৈব-উৎপাদন এবং বায়ো-ফাউন্ড্রিগুলি চতুর্থ শিল্প বিপ্লবকে উৎসাহিত করবে।

TB Mukh panchayet :

দক্ষিণ ত্রিপুরা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল ২০২৩ সালে টিবি মুক্ত পঞ্চায়েত হিসাবে ঘোষিত জেলার ২৭টি পঞ্চায়েতকে শংসাপত্র প্রদান করা হয়। দক্ষিণ জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত বলেন, টিবি মুক্ত পঞ্চায়েত প্রকল্প একটি সামাজিক আন্দোলন যা সমাজকে আরও সুস্থ ও শক্তিশালী করে তুলতে সাহায্য করবে। এই কর্মসূচীর সঙ্গে যুক্ত সকলকে অভিনন্দন জানান তিনি। এদিন যক্ষ্মা রোগ সম্পর্কে জনমনে সচেতনতা বাড়াতে একটি প্রচারগাড়ির যাত্রার সূচনা করেন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জোতির্ময় দাস।

PM on Amitabh Kant's book :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল G-20 শেরপা অমিতাভ কান্তের দেশের G-20 সভাপতিত্বের বিষয়ে লেখা বইয়ের জন্য প্রশংসা করেছেন। বইটির শিরোনাম How India Scaled Mt. G-20। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী লিখেছেন যে বইটি একটি ভাল গ্রহের সন্ধানে মানবকেন্দ্রিক উন্নয়নের প্রচেষ্টার বিষয়ে একটি সুস্পষ্ট দৃষ্টিভঙ্গি দেয়। এর আগে শ্রী কান্ত তাঁর বইটি প্রধানমন্ত্রীকে উপহার দেন।

Assembly of Journalist :

রাজ্যের বর্তমান পরিস্থিতিতে সাংবাদমাধ্যমের ভূমিকা সংক্রান্ত বিষয়ে আগামী ২৮ জানুয়ারি বিকেল ৪ টায় আগরতলা প্রেস ক্লাবে এক আলোচনা সভা আয়োজন করেছে এসেম্বলি অব জার্নালিস্ট। গতকাল আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে সংগঠনের সাধারণ সম্পাদক শানিত দেবরায় এই কথা জানান।

আলোচনায় সাংবাদিক, সংবাদমাধ্যমের মালিক, সম্পাদক সহ সমস্ত সংবাদকর্মীদের উপস্থিত থাকার অনুরোধ জানিয়েছেন তিনি।

Police Week Belonia :

পুলিশ সপ্তাহ উপলক্ষে দক্ষিণ জেলা পুলিশের উদ্যোগে বিলোনীয়ায় গতকাল নারী ও শিশুদের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাইক র্যালির আয়োজন করা হয়। পাশাপাশি বিলোনীয়া পুলিশ লাইনে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরে ৪৩ জন পুলিশ কর্মী রক্তদান করেন। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা।

Folk Dance :

ধলাই জেলা ভিত্তিক লোকনৃত্য প্রতিযোগিতা গতকাল আমবাসা টাউন হলে অনুষ্ঠিত হয়। জেলার চার মহকুমা থেকে পাঁচটি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রথম স্থান অধিকার করে গন্ডাতুইসা মহকুমার শিল্পীরা। এই দলটি পরবর্তী সময়ে রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে।

PM, JANMAN :

সরকার গতকাল নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযানের উপর জেলা ম্যাজিস্ট্রেটদের একটি জাতীয় সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে প্রধানমন্ত্রী জনমনের অধীনে ছয়টি মূল ক্ষেত্র, আবাস, সড়ক, অঙ্গনওয়াড়ি, ছাত্রাবাস, বহুমুখী কেন্দ্র এবং বন ধন বিকাশ কেন্দ্র নিয়ে আলোচনা হয়। সম্মেলনের উদ্বোধন করেন আদিবাসী বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম। ১৮টি রাজ্যের মোট ৮৮টি জেলা PM JANMAN-এর বাস্তবায়নের অভিজ্ঞতা তুলে ধরে। সরকারের লক্ষ্য হলো, সরকারের নীতি এবং তৃণমূলস্তরের মধ্যে ব্যবধান ঘুচিয়ে

অংশগ্রহণকারী ১৮টি রাজ্যের প্রতিটি কোণায় সবচেয়ে প্রত্যন্ত
এবং অনুন্নত সম্প্রদায়ের উপর বিশেষ দৃষ্টি নিবদ্ধ করে PM
JANMAN-এর সুবিধা নিশ্চিত করা।

Stone Sculpture Recovered :

কৈলাশহরের গৌরনগর ব্লকের অধীন দেওড়াছড়া এডিসি
ভিলেজের ভুঁইয়াপাড়া এলাকায় গতকাল প্রাচীন একটি পাথরের
মুর্তি উদ্ধার করা হয়েছে। সংশ্লিষ্ট এলাকায় শ্রমিকরা কাজ করার
সময় এই মুর্তিটি পায়। গৌরনগর ব্লকের বিডিও প্রনয় দাস
জানান, মুর্তিটিকে প্রত্নতত্ত্ব বিভাগের কাছে হস্তান্তর করা হয়েছে।

Birth Anniversary-Adaita Mallabharman :

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল বিলোনিয়া মহকুমার
রাজনগর কলোনি দ্বাদশ স্কুলে ঔপন্যাসিক অদ্বৈত মল্লবর্মনের
১১১ তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন
বিধায়ক স্বপ্না মজুমদার। অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সামনে অদ্বৈত
মল্লবর্মনের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন
অতিথিরা। উপস্থিত ছিলেন বিলোনিয়া মহকুমা শাসক দেবশীষ
দাস।

District Level Fish Festival:

দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত গতকাল
বিলোনিয়া টাউন হলে জেলা ভিত্তিক মৎস্য উৎসবের সূচনা
করেন। উৎসবে জেলার ১০ জন সেরা মৎস্যচাষীকে সন্মানিত
করা হয়।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে।
দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩
ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন
তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৩ ডিগ্রি সেলসিয়াস।
